



মাদ্রাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/ ২১০১০

তারিখ: ২৯ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

পরানপুর ফাজিল মাদ্রাসা, ডাকঘরঃ পাক বিজয়পুর, উপজেলাঃ শাহরাস্তি, জেলাঃ চাঁদপুর-এর ফাজিল (স্নাতক) স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৭.০১.২০২২ খ্রিঃ তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০২২ খ্রিঃ থেকে ২৬.০৪.২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

১. মাদ্রাসার শ্রেণিকক্ষ, মাঠসহ পূর্ণাঙ্গ ক্যাম্পাস এবং শিক্ষার্থীদের জন্য নির্মিত শৌচাগার সমূহের পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে।
২. মাদ্রাসার সকল শ্রেণিতে বিশেষ করে উপরের শ্রেণিগুলোতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৩. অধ্যক্ষের কক্ষ, উপাধ্যক্ষের কক্ষ এবং শিক্ষক মিলনায়তনের সাথে অবশ্যই সংযুক্ত টয়লেট নির্মাণ করতে হবে।
৪. শ্রেণিকক্ষে মূল বইয়ের ব্যবহার নিশ্চিত করতে হবে।
৫. আরবি ও ইংরেজি বিষয়ের ক্লাসে কমপক্ষে ১০ (দশ) মিনিট করে আরবি ও ইংরেজি ভাষায় ক্লাস পরিচালনা নিশ্চিত করতে হবে।
৬. মাদ্রাসার সাধারণ তহবিলে অর্থের পরিমাণ বৃদ্ধি করতে হবে।
৭. আরবি বিষয়ের শিক্ষকগণকে শিক্ষার্থীদের আরবি ভাষায় পারদর্শী করতে নাহু ছরফ শিক্ষার প্রতি উৎসাহিত করতে হবে।
৮. পড়ালেখার মানোন্নয়নে অধ্যক্ষকে উপাধ্যক্ষ এবং অন্যান্য শিক্ষকমণ্ডলীদের নিয়ে প্রতি মাসে সমন্বয় সভা করতে হবে।
৯. পড়ালেখার সুন্দর পরিবেশ নিশ্চিত করতে মাদ্রাসার চারপাশে সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে।
১০. মাদ্রাসার লাইব্রেরিতে বইয়ের সংখ্যা বৃদ্ধি করে শিক্ষার্থীদের লাইব্রেরিমুখী করার প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।
১১. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

Dmd 14.11.22
(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদ্রাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

পরানপুর ফাজিল মাদ্রাসা

ডাকঘরঃ পাক বিজয়পুর, উপজেলাঃ শাহরাস্তি, জেলাঃ চাঁদপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/ ২১০১০

তারিখ: ২৯ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৫। পি.এস টু প্রো-ভিসি (অতি.দা.), প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, পরানপুর ফাজিল মাদ্রাসা, ডাকঘরঃ পাক বিজয়পুর, উপজেলাঃ শাহরাস্তি, জেলাঃ চাঁদপুর।
- ৮। অফিস নথি।

Muhammad Luqman
১৪.১১.২০২২

(মুহাম্মদ লুৎফুর রহমান)

সেকশন অফিসার
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৯৭০-৮৭৭৮৭৮

অধি/নবায়ন/ফাইল নং- চট্ট-১০৮